

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 15-12-2025

Time: 7. 35 A.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) রাজ্যে এস আই আর-এর পর খসড়া ভোটের তালিকা প্রকাশিত হবে আগামীকাল।
ক্রেটিমুক্ত তালিকা তৈরির পাশাপাশি ইভিএম-এ চেকিং প্রক্রিয়ায় কড়া নজরদারি জন্য ৫ জন নোডাল অফিসারকে নিয়োগ করেছে কমিশন।
- ২) রাজ্যপাল সিভি আনন্দ বোস যুবভারতী ক্রীড়াঙ্গণে দর্শক বিক্ষোভ ও ভাঙচুরের ঘটনায় রাজ্য সরকার, পুলিশ ও গোয়েন্দা বিভাগের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ খতিয়ে দেখার নির্দেশ দিয়েছেন।
- ৩) এই ঘটনায় ফের রাজ্যের দুই মন্ত্রী সুজিত বসু এবং অরূপ বিশ্বাসকে বরখাস্ত করার দাবি জানিয়েছে বিজেপি।
- ৪) আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে আজ নবান্নে বৈঠক হওয়ার কথা।
- ৫) সন্দেহখালিতে শাজাহান শেখের বিরুদ্ধে মামলার প্রধান সাক্ষী ভোলানাথ ঘোষকে খুনের চেষ্টার অভিযোগে পুলিশ আরও একজনকে গ্রেফতার করেছে।
- ৬) কলকাতা মেট্রোর হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর ফাইভ পর্যন্ত পথে আজ থেকে বাড়ছে মেট্রোর সংখ্যা।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে এস আই আর-এর পর খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে আগামীকাল। SDO, BDO ও জেলাশাসকের দফতরে তালিকা টাঙানোর পাশাপাশি খসড়া ভোটার তালিকা দেওয়া থাকবে কমিশনের ওয়েবসাইটেও। এরপরই শুরু হবে শুনানি প্রক্রিয়া। গত ২৭-শে অক্টোবর রাজ্যে এস আই আর-এর দিনক্ষণ ঘোষণা করেছিল কমিশন। সেদিন পর্যন্ত রাজ্যে মোট ভোটার ছিল ৭-কোটি ৬৬ লক্ষ ৩৭ হাজারের বেশি।

এদিকে, এস আই আর প্রক্রিয়ার সর্ব শেষ তথ্য অনুযায়ী ৫৮ লক্ষ ২০ হাজারের বেশি নাম বাদ পড়তে পারে বলে প্রাথমিক অনুমান।

ক্রটি মুক্ত তালিকা তৈরিতে সবরকম সাবধানতা অবলম্বন করছে নির্বাচন কমিশন। ভোটারদের জমা পড়া এনুমারেশন তথ্য যাচাই-এর কাজ চলছে যুদ্ধকালীন তৎপরতায়।

এদিকে, আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য বৈদ্যুতিন ভোটযন্ত্র ইভিএম-এর ফাস্ট লেভেল চেকিং প্রক্রিয়ায় কড়া নজরদারির ব্যবস্থা করেছে নির্বাচন কমিশন। ভিন রাজ্য এবং নির্বাচন কমিশনের তরফে মোট পাঁচজন নোডাল অফিসারকে অবজার্ভার হিসেবে এ রাজ্যে পাঠানো হয়েছে। বিভিন্ন ফাস্ট লেভেল চেকিং ভেনুতে তাঁরা ইভিএম যাচাই প্রক্রিয়ার ওপর নজর রাখবেন। কমিশন সূত্রের খবর অরুণাচলপ্রদেশ থেকে ডেপুটি সিইও সানিয়ে কায়েম মিজ, মহারাষ্ট্র থেকে ডেপুটি সিইও যোগেশ গোসাভি, মেঘালয় থেকে অ্যাডিশনাল CEO পি কে বোরো এবং মিজোরাম থেকে জয়েন্ট CEO এথেল রোথাংপুই-কে দায়িত্ব দেওয়া হয়েছে। এরই সঙ্গে কমিশনের তরফে আন্ডার সেক্রেটারি পদ মর্যাদার আধিকারিক কণিষ্ক কুমারকেও অবজার্ভার হিসেবে নিয়োগ করা হয়েছে।

নির্বাচন কমিশনের ওপর দলের আস্থা আছে বলে বিজেপি জানিয়েছে। ক্রটিমুক্ত ভোটার তালিকা কমিশন প্রকাশ করতে পারবে বলে গতকাল সাংবাদিকদের কাছে আশাপ্রকাশ করেছেন রাজ্য বিজেপি সভাপতি শমিক ভট্টাচার্য।

(বাইট - শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে আবাসনের মধ্যে ভোট কেন্দ্রের বিরোধিতা করে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে চিঠি দিয়েছেন রাজ্যের মন্ত্রী অরুণ বিশ্বাস। সিইও জানিয়েছেন, যে বিষয়টি তাঁর এজিয়ারভুক্ত নয়। ফলে, চিঠি পাঠিয়ে দেওয়া হয়েছে নির্বাচন কমিশনে। সেখান থেকেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছেন তিনি। পাশাপাশি, নির্বাচন কমিশন সূত্রে খবর, আগামী ২২শে ডিসেম্বরের মধ্যেই রাজ্যের হাই রাইজ বিল্ডিং এর তালিকা এসে পৌঁছবে সিইও দপ্তরে। জেলা নির্বাচনী আধিকারিক ডিইওরা এই তালিকা তৈরী করে সিইও দপ্তরে পাঠাবেন। এরপরই ওই তালিকা পাঠিয়ে দেওয়া হবে নির্বাচন কমিশনে। ওই তালিকা ধরেই আসন্ন ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে রাজ্যে কতগুলো হাইরাইজ বিল্ডিং এ ভোট কেন্দ্র হবে কমিশনের তরফে সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

যুবভারতী ক্রীড়াঙ্গনে লিওলেন মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার তদন্তে রাজ্য সরকারের গঠিত কমিটির সদস্যরা গতকাল মাঠ পরিদর্শন করেন। অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম রায় এর নেতৃত্বে মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী যুবভারতী ক্রীড়াঙ্গনে পৌঁছে মাঠের পরিস্থিতি খতিয়ে দেখেন। বিভিন্ন অংশের ভিডিওগ্রাফিও করেন তারা। কথা বলেন মাঠ দেখভালের দায়িত্বে থাকা কয়েকজন কর্মীর সঙ্গে। বিচারপতি অসীম রায়ের বাড়িতে গতকাল এই ঘটনা নিয়ে প্রাথমিক যে বৈঠক হয়েছে সেখানে ১৫ দিনের মধ্যে এই ঘটনার তদন্ত রিপোর্ট রাজ্য সরকারের কাছে জমা দেওয়া হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উল্লেখ্য, মেসির অনুষ্ঠানের মূল উদ্যোক্তা শতদ্রু ঘোষকে গতকাল ১৪ দিনের জেল হেফাজত দিয়েছে বিধাননগর আদালত।

০০০০০০০০০০০০০০০০০০০০

যুবভারতী ক্রীড়াঙ্গণে গত শনিবার যে বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছিল তার কারণ সরেজমিনে খতিয়ে দেখতে গতকাল স্টেডিয়ামে যান রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস। তার সঙ্গে ছিলেন রাজ্যের মুখ্য সচিব মনোজ পস্তু। পরে সাংবাদিকদের কাছে রাজ্যপাল বলেন, ভুক্তভোগীদের সঙ্গে কথা বলে তিনি রিপোর্ট কেন্দ্রীয় সরকারের কাছে জমা দেবেন। শনিবারের ঘটনা কলকাতার মানুষকে অবর্ণনীয় লজ্জায় ফেলে দিয়েছেন বলে মন্তব্য করেন তিনি।

(বাইট – রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০০

যুবভারতী ক্রীড়াঙ্গণের ঘটনার দায় পুরোপুরি রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারের বলে বিজেপি জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য্য গতকাল সাংবাদিকদের কাছে বলেন, এর পেছনে নির্বাচনী তহবিল তৈরির ষড়যন্ত্র থাকতে পারে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই ঘটনায় ফের রাজ্যের দুই মন্ত্রী সুজিত বসু এবং অরুণ বিশ্বাসকে বরখাস্ত করার দাবি জানিয়েছেন। পাশাপাশি কোন বিচারপতিকে দিয়ে যুবভারতী কান্ডের তদন্ত করানোর দাবি জানিয়ে রাজ্যপালকে তিনি চিঠি দিয়েছেন বলেও জানান শুভেন্দু বাবু।

(বাইট – শুভেন্দু)

যুবভারতীতে অশান্তির ঘটনায় সরকারের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ তুলে বিজেপি যুব মোর্চা গতকাল কলকাতায় বিক্ষোভ দেখিয়েছে। সংগঠনের রাজ্য সভাপতি ইন্দ্রনীল খাঁ-র নেতৃত্বে ডোরিনা ক্রশিং থেকে গোষ্ঠ পালের মূর্তি পর্যন্ত মিছিলের আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে আজ বিকেলে নবান্নে একটি বিশেষ বৈঠক ডাকা হয়েছে। উপস্থিত থাকবেন পূর্ত, সেচ, দমকল, বিদ্যুৎ সহ সংশ্লিষ্ট বিভিন্ন দফতরের মন্ত্রী ও সচিবরা। থাকবেন বিএসএনএল, রেলের মতো কেন্দ্রীয় সংস্থার প্রতিনিধিরাও।

উল্লেখ্য সড়ক পথে সরাসরি গঙ্গাসাগরে পৌঁছানোর জন্য মুড়ি গঙ্গার ওপরে রাজ্য সরকারের প্রস্তাবিত গঙ্গাসাগর সেতু নির্মাণের কাজ আগামী মাসে শুরু হবে বলে মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতার বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় আজ থেকে ৫ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একই সঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পৌঁছে দিতে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

এই সপ্তাহ থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতি রাত আটটা এবং বুধ রাত সাড়ে ৯টায় শোনা যাবে বিশেষ অনুষ্ঠান – আজকের প্রসঙ্গ। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে শাজাহান শেখের বিরুদ্ধে মামলার প্রধান সাক্ষী ভোলা নাথ ঘোষকে খুনের চেষ্টার অভিযোগে পুলিশ আরও একজনকে গ্রেফতার করেছে। ধৃত গোলাম হোসেন মোল্লা অন্যতম চক্রান্তকারী বলে পুলিশের অনুমান। তাকে বসিরহাট আদালতে তোলা হলে বিচারক ৮ দিনের পুলিশি হেফাজতে পাঠিয়েছেন। এই

ঘটনায় এপর্যন্ত ৩ জনকে পুলিশ গ্রেফতার করেছে। এদিকে, সন্দেশখালির সরবেড়িয়া বাজার সংলগ্ন অঞ্চলে ভোলা ঘোষের বাড়িতে পুলিশি নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। গাড়ি দুর্ঘটনায় ভোলা ঘোষের ছোট ছেলের মৃত্যুর পর গোটা পরিবার নিরাপত্তাহীনতায় ভুগছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

চোরাশিকার রুখতে উত্তরবঙ্গের জলদাপাড়া জাতীয় উদ্যানে গতকাল বড় মাপের তল্লাশি অভিযোগ চালানো হয়েছে। রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনী এবং রাপিড রেসপন্স টিমের সঙ্গে ছিল স্লিফার ডগ স্কোয়াডও। মূলত কোদাল বস্তি, চিলাপাতা, নীলপাড়া ও মাদারিহাট – এই চারটি রেঞ্জে এই তল্লাশি চলে।

উল্লেখ্য, মানুষ বন্য প্রাণী সংঘাত রুখতে এবং পাচার রোধে বন দফতর সম্প্রতি ইন্টিগ্রেটেড কন্ট্রোল রুম চালু করেছে। এরপরই গোপন সূত্রে খবর পেয়ে চলে এই তল্লাশি অভিযান।

০০০০০০০০০০০০০০০০০০০০

চিতাবাঘের পরে উত্তরবঙ্গের জলপাইগুড়ির গরুমারা বন্যপ্রাণী বিভাগের আওতায় থাকা তিনটি জঙ্গলে বাঘ শুমারি শুরু হতে চলেছে। আগামী মাসের মাঝামাঝি গরুমারা, চাপড়ামারির পাশাপাশি নেওড়াভ্যালি জঙ্গলেও বাঘ গণনা শুরু হবে বলে বনদফতর সূত্রে জানা গিয়েছে। এজন্য, একশোর বেশি ট্র্যাপ ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উল্লেখ্য, এর আগে বেশ কয়েক বছর ধরে সমতল থেকে প্রায় ১১ হাজার ফুট উঁচুতে অবস্থিত ন্যাওড়াভ্যালির জঙ্গলে ক্যামেরায় রয়েল বেঙ্গল টাইগারের অস্তিত্ব ধরা পড়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা ও সংলগ্ন জেলার গুরুত্বপূর্ণ বাজারগুলির বাইরে সকালের পাশাপাশি এবার সন্ধ্যাবেলাতেও বসবে সুফল বাংলার স্টল। সাধারণ মানুষের সুবিধার কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে মোট ৩৫টি কেন্দ্রে সন্ধ্যার স্টল চালু হবে। পাশাপাশি ভবিষ্যতে আরও ৫০টি ভ্রাম্যমাণ গাড়ি নামানোর পরিকল্পনাও নেওয়া হয়েছে বলে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী বেচারাম মান্না জানিয়েছেন। নবান্ন সূত্রে জানা গিয়েছে, কলকাতার ১৪টি গুরুত্বপূর্ণ এলাকায় প্রথম ধাপে সন্ধ্যার এই পরিষেবা চালু হবে। পাশাপাশি উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা মিলিয়ে আরও ২১টি জায়গায় সুফল বাংলার স্টল খোলা থাকবে। ধাপে ধাপে রাজ্যের অন্যান্য জেলাতেও এই পরিষেবা চালুর পরিকল্পনা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

যাত্রী পরিষেবার উন্নতির লক্ষে কলকাতা মেট্রোর গ্রীণ লাইনে আজ থেকে ট্রেনের সংখ্যা বাড়ানো হচ্ছে। এই শাখায় সোম থেকে শুক্র, আপ ও ডাউন মিলিয়ে ২২৬-টির পরিবর্তে ২২৮-টি ট্রেন চলবে। শনিবার ২০২-টির পরিবর্তে ২০৪-টি এবং রবিবার ১০৪-টির পরিবর্তে ১০৮-টি ট্রেন চালানো হবে। নতুন সূচিতে প্রতিদিন হাওড়া ময়দানে রাত ১০.০৫ মিনিটে মেট্রো পরিষেবা পাওয়া যাবে, যা সেন্ট্রাল পার্ক স্টেশন পর্যন্ত যাবে। প্রতি রবিবার সকাল ৯-টায় সিটি সেন্টার থেকে হাওড়া ময়দান পর্যন্ত নতুন পরিষেবা শুরু হচ্ছে।

এই শাখায় প্রতিদিন প্রথম পরিষেবা সকাল সাড়ে ৬-টার পরিবর্তে সকাল ৬-টা ৪৫ মিনিট থেকে শুরু হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামী এক সপ্তাহ আবহাওয়ায় বড়সড় কোন পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। কলকাতায় সর্ব নিম্ন তাপমাত্রা আজ

স্বাভাবিকের চেয়ে সামান্য বেশি ১৬ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। সকালের দিকে প্রায় সব জেলাতেই কুয়াশার সম্ভাবনা। এই সময় রাজ্যের সর্বত্র আবহাওয়া প্রধানত শুষ্কই থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী ডক্টর সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট – সৌরিশ)

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo